

১২/১/০৭

ফরিদগঞ্জের স্কুলগুলোতে সেশন ফি বাণিজ্য

প্রতিনিধি, ফরিদগঞ্জ (চাঁদপুর)

ফরিদগঞ্জ উপজেলার ৪২টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রতি শিক্ষার্থীর কাছ থেকে ১৮০ টাকা থেকে ৩৮০ টাকা করে সেশন ফি আদায় করা হচ্ছে। ফলে দরিদ্র ছাত্রছাত্রীর অভিভাবকদের অনেকেই তাদের ছেলেমেয়েদের স্কুলে পাঠানোর অর্থই হারিয়ে ফেলছেন। অভিভাবকরা একে সেশন ফি বাণিজ্য নামে অভিহিত করেছেন।

খোঁজ নিয়ে জানা গেছে, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ইচ্ছে মতো সেশন ফি নির্ধারণ ও তা আদায় করছে। ফরিদগঞ্জ উপজেলা সদরে ফরিদগঞ্জ এ আর পাইলট উচ্চ বিদ্যালয়ে প্রতি শিক্ষার্থীর কাছ থেকে সেশন ফি বাবদ ৩৮০ টাকা করে আদায় করা হচ্ছে। উপজেলা সদরের ফরিদগঞ্জ বালিকা উচ্চবিদ্যালয় নিচ্ছে জনপ্রতি ২৭০ টাকা করে। অন্য বিদ্যালয়গুলোর মধ্যে বালিয়ুবা উচ্চবিদ্যালয় ২৯৮ টাকা, খাজুরিয়া বহুমুখী উচ্চবিদ্যালয় ২২০ টাকা, কালির বাজার এম

আর উচ্চবিদ্যালয় ২০০ টাকা, চান্দা ইমাম আলী উচ্চবিদ্যালয়ে ২৫০ টাকা হারে সেশন ফি আদায় করা হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর এই সেশন ফি বাণিজ্য নিয়ে একজন সরকারি চাকরিজীবী অভিভাবক ফোভ প্রকাশ করে বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলো যেন ব্যবসা খুলে বসেছে।

এ ব্যাপারে ফরিদগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি কালির বাজার এম আর উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক সিরাজুল ইসলাম জানান, স্কাউট, ক্রীড়াসহ বিভিন্ন খাতে নেয়া টাকাই সেশন ফি নামে অভিহিত হচ্ছে। সেশন ফি সর্বাধিক ২০০ টাকা করে নেয়ার সিদ্ধান্ত হয়। সেশন ফি নিয়ে ফরিদগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবদুল মান্নান জানান, বিদ্যালয়গুলোর ম্যানেজিং কমিটি সিদ্ধান্ত নিয়ে এটি ধার্য করে। তবে ফি সহনীয় পর্যায়ে রাখা উচিত। তা ছাড়া এরই মধ্যে বিদ্যালয়গুলোকে রশিদে সেশন ফি না লিখে খাতওয়ারি টাকা উল্লেখের নির্দেশ দেয়া হয়েছে।